

এই গাইডে ঐচ্ছিক সাহায্যকৃত মরণ সম্পর্কিত সংবেদনশীল তথ্য থাকতে পারে

আলোচনা গাইড ৩: ভিএডি পেতে কোন ব্যক্তির কি প্রক্রিয়া অনুসরণ করা উচিত

টেরিটোরিবাসীদের ঐচ্ছিক সাহায্যকৃত মরণ (ভিএডি) পাওয়ায় সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করার জন্য যথাযথ তথ্য ও সমর্থন পাওয়া উচিত।

নর্দান টেরিটোরিতে ভিএডি পাওয়ায় প্রক্রিয়া কেমন হওয়া উচিত বলে আপনি মনে করেন?

আপনার বিবেচনার জন্য, এটা অস্ট্রেলিয়ার অন্যান্য স্টেটে ভিএডি পাওয়ায় প্রক্রিয়ার সংক্ষিপ্তসারঃ

- ১। ব্যক্তিটি কোন যোগ্য ও অভিজ্ঞ ডাক্তারকে (প্রথম ডাক্তার) ঐচ্ছিক সাহায্যকৃত মরণে সাহায্য করতে বলেন।
- ২। প্রথম ডাক্তার মূল্যায়ন করেন ব্যক্তিটি ঐচ্ছিক সাহায্যকৃত মরণ পাওয়ার যোগ্য কি না।
- ৩। ব্যক্তিটি ভিন্ন একজন যোগ্য ও অভিজ্ঞ ডাক্তারকে (দ্বিতীয় ডাক্তার) ঐচ্ছিক সাহায্যকৃত মরণে সাহায্য করতে বলেন।
- ৪। দ্বিতীয় ডাক্তার মূল্যায়ন করেন যে ব্যক্তিটি ঐচ্ছিক সাহায্যকৃত মরণ পাওয়ার যোগ্য।
- ৫। ব্যক্তিটি প্রথম ডাক্তারের কাছে লিখিত অনুরোধ করেন, নিরপেক্ষ সাক্ষীরা প্রত্যক্ষ করেন।
- ৬। ব্যক্তিটি প্রথম ডাক্তারের কাছে চূড়ান্ত অনুরোধ করেন।
- ৭। প্রথম ডাক্তার নিশ্চিত করেন যে ব্যক্তিটি এখনও ঐচ্ছিক সাহায্যকৃত মরণ পাওয়ার যোগ্য, কাগজপত্র দাখিল করেন, এবং কোন ফার্মাসিস্টের সঙ্গে নির্ধারিত ভিএডি দ্রব্যাদি সরবরাহের ব্যবস্থা করেন।
- ৮। ব্যক্তিটি ঐচ্ছিক সাহায্যকৃত মরণের দ্রব্যাদি গ্রহণ করে মরণ বরণ করেন যখন তারা তা করতে পছন্দ করেন, হয় নিজেরাই দ্রব্যাদি গ্রহণ করে না হয় কোন স্বাস্থ্য পেশাদারকে দ্রব্যাদি গ্রহণ করায় সাহায্য করতে বলে।

কোন স্বাস্থ্য পেশাদার খুঁজে পাওয়া যিনি সাহায্য করতে পারেন

টেরিটোরিতে ক্ষুদ্র জনসংখ্যা বৃহৎ এলাকায় বিস্তৃত, কোন ডাক্তার খুঁজে পাওয়া কঠিন হতে পারে। অনলাইন সাক্ষাৎই সচরাচর কোন স্বাস্থ্য পেশাদারের সঙ্গে জনগণের কথা বলার একমাত্র উপায়।

টেরিটোরিবাসীগণ কিভাবে ঐচ্ছিক সাহায্যকৃত মরণ পাওয়ার অনুরোধ করতে সমর্থ হবেন, এবং তাদেরকে কি অনলাইন প্ল্যাটফর্ম বা বহার করতে দেয়া হবে, উদাহরণ স্বরূপ, প্রথম অনুরোধ অবশ্যই কোন স্বাস্থ্য পেশাদারের সঙ্গে ব্যক্তিগতভাবে হতে হবে, কিন্তু দ্বিতীয় অনুরোধ অনলাইনে হতে পারে?

অস্ট্রেলিয়ার অন্যান্য স্টেটে, কোন অনুশীলনকারী নার্সও কোন ব্যক্তিকে ভিএডি পেতে সাহায্য করতে পারেন, আমরা এনটিতে কি এটা বিবেচনা করব?

টেরিটোরিবাসীদের স্বাধীনভাবে ভিএডি পছন্দ নিশ্চিত করা

অস্ট্রেলিয়ার অন্যান্য স্থানে, কোন ব্যক্তি কেবলমাত্র ভিএডি পেতে পারেন যদি তারা চূড়ান্ত অনুরোধ করার আগে এটা ভেবে দেখতে কয়েকদিন সময় নেন। কোন ব্যক্তি কেবলমাত্র ভিএডি পেতে পারেন যদি অন্য লোকেরা অন্তত একটি লিখিত অনুরোধের সাক্ষী হন এবং কোন সাক্ষী অবশ্যই এমন ব্যক্তি হবেন যিনি ব্যক্তিগতভাবে বা আর্থিকভাবে ব্যক্তির মৃত্যুতে উপকৃত হবেন না।

আপনি কি মনে করেন কোন ব্যক্তি ভিএডি অনুরোধের সাক্ষী হতে পারেন যদি তারা স্বত্বভোগীও হন?

অস্ট্রেলিয়ার কোন কোন স্থানে, কোন চিকিৎসা পেশাদারকে ভিএডি সম্বন্ধে আলোচনা শুরু করতে দেয়া হয় না। অন্যান্য স্টেট চিকিৎসা পেশাদারদেরকে ভিএডি সম্বন্ধে আলোচনা শুরু করতে দেয়, কিন্তু তারা অবশ্যই চিকিৎসা, উপশমকারী যত্ন এবং সহায়ক বিকল্প ও একই সময়ে তার সম্ভাব্য ফলাফল সম্বন্ধে তথ্য দিবেন।

এনটিতে আমাদের কোন মডেল ব্যবহার করা উচিত?

মৃত্যুর জন্য ভিএডি দ্রব্য গ্রহণ

অস্ট্রেলিয়ার কোন কোন অংশে, কোন ডাক্তার কোন যোগ্য ব্যক্তিকে ভিএডি প্রক্রিয়ার অংশ হিসাবে সে ব্যক্তির মৃত্যু ঘটানোর জন্য নির্ধারিত ওষুধপত্র পেতে দিতে পারেন। এই দ্রব্যকে ঐচ্ছিক সাহায্যকৃত মরণের দ্রব্য বলা হয়।

ব্যক্তিটি সিদ্ধান্ত নিতে পারেন কখন, অথবা এমন কি, তারা তা ব্যবহার করতে চান কি না। কোন কোন স্টেট দ্রব্য ফেরত দেওয়ার নির্দিষ্ট সময়সীমা স্থাপন করেছে যদি ব্যক্তিটি তা ব্যবহার না করা পছন্দ করেন (যেমন, সাত দিনের মধ্যে)।

অস্ট্রেলিয়ার অধিকাংশ স্টেটে, ব্যক্তিদেরকে ঐচ্ছিক সাহায্যকৃত মরণের দ্রব্য স্ব-পরিচালনা করতে হয়, কিন্তু যে ক্ষেত্রে এটা সম্ভব বা যথোচিত নয়, কোন ডাক্তার তাদেরকে সাহায্য করতে পারেন। কোন কোন স্টেট ব্যক্তিদেরকে স্ব-পরিচালনা বা কোন স্বাস্থ্যসেবা পেশাদারের সাহায্য চাওয়ার পছন্দও অনুমোদন করে। এনটিতে আমাদের কিভাবে এবিষয়ে অগ্রসর হওয়া উচিত?

কোন ব্যক্তির মৃত্যুর বিজ্ঞপ্তি এবং নিবন্ধন

নর্দার্ন টেরিটোরিতে যখন কোন ব্যক্তি মারা যান, তা অবশ্যই সমাধিস্থ করা বা শবদাহের পর সাত কর্মদিবসের মধ্যে বার্থস, ডেথস এ্যাণ্ড ম্যারেজেস এ নিবন্ধীকরণ করতে হবে।

মৃত্যু নিবন্ধীকরণ বর্ণনা সাধারণত অন্তেষ্টিক্রিয়া পরিচালক, মরদেহ নিষ্পত্তি করার ব্যবস্থাকারী ব্যক্তি, অথবা কোন স্থানীয় স্বাস্থ্যকর্মী সম্পূর্ণ করেন।

মৃত্যু সার্টিফিকেট বিভিন্ন আইনি, বীমা এবং অন্যান্য উদ্দেশ্যে ব্যবহার করা হয় এবং ব্যক্তির পরিবার কিভাবে ব্যক্তির মৃত্যু হয়েছে তার বিবরণ অন্তর্ভুক্ত না করতে চাইতে পারেন। অস্ট্রেলিয়ার কোন কোন স্টেট চায় যে মৃত্যু সার্টিফিকেট বর্ণনা করবে যে ব্যক্তির মৃত্যু তাদের অসুস্থতার কারণে হয়েছে, এবং ঐচ্ছিক সাহায্যকৃত মরণ দ্বারা নয়।

কিভাবে কোন ব্যক্তির মৃত্যু বিজ্ঞাপিত ও নিবন্ধন করা হবে যদি তারা ঐচ্ছিক সাহায্যকৃত মরণ বরণ করে সে বিষয়ে আপনার মতামত জানতে চাই।

ভিএডি সম্বন্ধে আরো জানতে এবং আপনার ইনপুট শেয়ার করতে, cmc.nt.gov.au/vad এ যান